

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
জাতীয় মহিলা সংস্থা  
১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।

**ঠাকুরগাঁও জেলার ট্রেড প্রশিক্ষণ (সেলাই ও এমব্রয়ডারী) কার্যক্রম এর  
ই-মনিটরিং অফিস পরিদর্শন এর রিপোর্ট**

ই-মনিটরিং এর তারিখঃ ০৮-১২-২০২২ খ্রি:

ই-মনিটরিং এ অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবীঃ জনাব সায়রা পারভীন, উপপরিচালক, জামস  
জনাব মো: ফিরোজুল ইসলাম, জেলা কর্মকর্তা, ঠাকুরগাঁও  
জনাব মোছা: বুনা লায়লা, সাঁট মুদ্রাক্ষরিক, ঠাকুরগাঁও  
জনাব মো: গোলাম মোস্তফা, অফিস সহায়ক, ঠাকুরগাঁও

ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস<sup>১</sup>/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রমঃ জাতীয় মহিলা সংস্থা, ঠাকুরগাঁও জেলা কার্যালয়।

ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস<sup>২</sup>/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম


এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী: জনাব মো: ফিরোজুল ইসলাম, জেলা কর্মকর্তা

ই-মনিটরিং এ পরিদর্শনকৃত/পরিদর্শিত বিষয়সমূহঃ

১. অদ্য বেলা ১২.০০ ঘটিকায় ই-মনিটরিং এর মাধ্যমে ঠাকুরগাঁও জেলা কার্যালয় পরিদর্শন করি।
২. পরিদর্শনকালে জেলা কর্মকর্তাসহ সকল কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন।
৩. পরিদর্শনকালে ১৫ জন প্রশিক্ষার্থী উপস্থিত ছিলেন। উক্ত কার্যালয়ে মোট ১৯টি সেলাই মেশিন আছে, এর মধ্যে ৫টি সচল এবং ১৪টি নষ্ট। ৩ ঘণ্টার সেশনে ৫টি সেলাই মেশিনে ১৫ জন প্রশিক্ষার্থী ২০/৩০ মিনিট করে বসে।
৪. অফিসে কক্ষ ৫টি, বাথরুম ৩টি। বাথরুম পরিষ্কার পরিচ্ছন্ন দেখা যায়।
৫. এখানে প্রতি তিন মাসে একবার করে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। সেপ্টেম্বর মাসে উঠান বৈঠক ২৯/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উঠান বৈঠকের উপস্থিতি ৪২ জন।
৬. নিয়মিত প্রশিক্ষণ কার্যক্রম চালু রয়েছে। জেলা কর্মকর্তা জানান, সকাল ও বিকাল ২ শিফটে ৩০ জন প্রশিক্ষার্থী প্রশিক্ষণ নিয়ে থাকেন।
৭. ২০২১-২০২২ অর্থ বছরের ক্ষুদ্রঋণের অর্থ এখনও বিতরণ করা হয়নি। ঋণ আদায়ের জন্য মাঠ সমন্বয়কারী নাই বলে জানা যায়।

সুপারিশ/মন্তব্যঃ

১. প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত মনিটরিং করার বিষয়ে সচেতন থাকার জন্য বলা হলো।
২. নষ্ট সেলাই মেশিনগুলো মেরামত করে ব্যবহার উপযোগী করার পরামর্শ দেয়া হলো।
৩. ২০২১-২০২২ অর্থ বছরের ক্ষুদ্রঋণ এখনও বিতরণ না করার বিষয়ে তাড়াতাড়ি ঋণ বিতরণ করার জন্য নির্দেশ দেয়া হলো। একজন মাঠ সমন্বয়কারী পদায়ন করা জরুরী।

  
(সায়রা পারভীন)  
উপপরিচালক (প্রকল্প)  
জাতীয় মহিলা সংস্থা।